



## সময় টিভির সাবেক এমডি আহমেদ জোবায়ের কারাগারে



সময় টিভি সাবেক এমডি আহমেদ জোবায়ের। ছবি: সংগৃহীত

বিশ্বাসভঙ্গ ও ব্যাংক জালিয়াতির অভিযোগে দায়ের করা মামলায় আদালতে হাজির না হওয়ায় বেসরকারি স্যাটেলাইট চ্যানেল সময় টেলিভিশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক আহমেদ জোবায়েরকে কারাগারে পাঠানো হয়েছে।

বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত শুনানি শেষে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এর আগে নির্ধারিত তারিখে আদালতে উপস্থিত না হওয়ায় তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেওয়া হয়। পরে তাকে আদালতে হাজির করা হলে এ আদেশ আসে।

মামলার নথি অনুযায়ী, রাজধানীর কলাবাগান থানায় দায়ের করা একটি বিশ্বাসভঙ্গ সংক্রান্ত মামলায় আহমেদ জোবায়েরসহ কয়েকজনকে আদালতে হাজির হয়ে ব্যাখ্যা দিতে সমন জারি করা হয়েছিল। নির্ধারিত সময় অনুযায়ী ১৭ জুন আদালতে হাজির হওয়ার নির্দেশ থাকলেও তিনি উপস্থিত হননি।

আইনজীবী সূত্রে জানা যায়, একই মামলায় অন্য কয়েকজন আসামি আদালতে হাজির হয়ে জামিন পেয়েছেন। তবে আহমেদ জোবায়েরের জামিন আবেদন নামঞ্জুর হওয়ায় তাকে কারাগারে পাঠানো হয়।